সে যত বেশি দেখতো, ততই কম কথা বলতো;

সে যত কম কথা বলতো, ততই বেশি সে শুনতো;

আমরা সবাই কেন এমন নই? জ্ঞানী বুড়ো পাখির মতো কেন নই?

রকফেলার একজন অদ্ভুত টাইপের লোক ছিলেন। কিন্তু তিনি এমন কিছু বের করেছেন, যা এখন লক্ষ লক্ষ শ্রমিকের জন্য প্রযোজ্য। রকফেলারের কাজ কূপ খনন করা, ট্রেন লোড করা বা ব্যারেল সরানো ছিল না। তার কাজ ছিল চিন্তা করা এবং ভালো সিদ্ধান্ত দেওয়া। তার বুদ্ধিমত্তা তার মাথার ভেতর বিমূর্ত ছিল। তাই তিনি তার বেশিরভাগ সময় এবং শক্তি ব্যয় করেছেন সৃজনশীল চিন্তাভাবনায়। দিনের বেশিরভাগ সময় চুপচাপ বসে থাকা সত্ত্বেও (বেশিরভাগ মানুষ ধারণা করে যে, সে অবসর সময় কাটাচ্ছে) তিনি ক্রমাগত তার মনের মধ্যে কাজ করে চলেছেন, সমস্যাগুলো নিয়ে ভাবছেন। তার সময়কালে এমন চিন্তাভাবনা অনন্য ছিল। রকফেলারের সময় প্রায় সব চাকরিতে হাত ব্যবহার করে কাজ করতে হতো। অর্থনীতিবিদ রবার্ট গর্ডনের মতে, ১৮৭০ সালে ৪৬% চাকরি ছিল কৃষিখাতে এবং ৩৫% চাকরি ছিল কারুশিল্প বা উৎপাদন খাতে। অল্প কিছু পেশায় একজন শ্রমিকের মস্তিষ্কের বুদ্ধিমত্তা প্রয়োগ করতে হতো। আজ চাকরির বাজারের পরিস্থিতি উল্টে গেছে। ৩৮% শতাংশ চাকরি এখন ব্যবস্থাপক, কর্মকর্তা এবং পেশাদার' হিসেবে মনোনীত। | এমন চাকরিগুলো সিদ্ধান্ত নেওয়ার কাজ। অন্য ৪১% চাকরি হলো, পরিষেবামূলক কাজ, যা প্রায়শই আপনার চিন্তাকর্মের উপর নির্ভর করে।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

আমাদের মধ্যে অনেকেরই এমন চাকরি আছে, যা ১৯৫০-এর দশকের একজন সাধারণ ম্যানুফ্যাকচারিং শ্রমিকের চেয়ে অনেক জটিল এবং সময়সাপেক্ষ; যার মানে আমরা যখন ঘড়ি বন্ধ করে কারখানা ছেড়ে চলে যাই, তখনো আমাদের কর্মঘণ্টা শেষ হয় না; আমাদেরকে অফিসের কাজ বাসায় বসেও করতে হয়।।

আমরা ক্রমাগত আমাদের মাথাকে সৃজনশীল চিন্তায় ব্যবহার করছি। যার মানে আমাদের কাজ কখনই শেষ হয় না। আপনার কাজ যদি হয় গাড়ি তৈরি করা, তাহলে আপনি যখন কাজ থেকে বিচ্ছিন্ন হন এবং আপনার সরঞ্জামগুলো কারখানায় রেখে যান; তখনই আপনার চাকরির সময় অনুযায়ী কাজ শেষ। | কিন্তু যদি আপনার কাজ হয় একটি বিপণন প্রচারাভিযান তৈরি করা—একটি চিন্তাভিত্তিক এবং সিদ্ধান্তমূলক কাজ-আপনার হাতিয়ার হলো আপনার মাথার সৃজনশীল শক্তি, যা আপনাকে সবসময় ব্যবহার করতে হবে।

আপনি হয়তো আপনার যাতায়াতের সময় আপনার প্রকল্পের কথা ভাবছেন, আপনি যখন রাতের খাবার খাচ্ছেন, আপনি যখন আপনার বাচ্চাদের ঘুমাতে নিচ্ছেন এবং আপনি যখন সকাল তিনটায় ঘুম থেকে উঠছেন। আপনি ১৯৫০ সালের তুলনায় বর্তমানে অধিক সময়ব্যাপী কাজ করছেন। কিন্তু আপনার কাছে মনে হচ্ছে আপনি ২৪/৭ ঘণ্টা কাজ করছেন।

ডেরেক থম্পসন নামক অর্থনীতিবীদ বিষয়টিকে একবার এভাবে বর্ণনা করার চেষ্টা করেছেন: যদি ২১ শতকে যেকোনো কাজের অপারেটিং সরঞ্জাম একটি বহনযোগ্য ডিভাইস হয়; তাহলে এর অর্থ হবে, আধুনিক কারখানাগুলো মোটেও কাজ করার জায়গা নয়। সবাই যেকোনো স্থানে বসেই কাজ করতে পারেন। কম্পিউটার যুগ অফিস পরিবেশকে উৎপাদন সরঞ্জাম থেকে মুক্ত করেছে। বেশিরভাগ ডান ভিত্তিক কর্মী, যাদের ল্যাপটপ এবং স্মার্টফোনগুলো বহনযোগ্য জানা যেকোনো জায়গায় বসে কাজ করতে পারেন।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

টোকিও কিংবা নিউইয়র্ক শহরের একজন চাকরিজীবীর বেলা ২টায় অফিস হবে প্রধান অফিস ভবনে এবং মধ্যরাতের অফিস হবে সোফায়। আগের প্রজন্মের তুলনায় বর্তমান প্রজন্মের লোকদের নিকট সময়ের উপর নিয়ন্ত্রণ কমে গেছে।

যেহেতু আপনার সময় নিয়ন্ত্রণ করার সক্ষমতা আপনার সুখের প্রভাবক; তাই আমাদের অবাক হওয়া উচিত হবে না, এমনটি জেনে যে, আমরা আগের চেয়ে অনেক ধনী হওয়া সত্ত্বেও আগের তুলনায় মানসিকভাবে অনেক বেশি হতাশ।

আমরা এমন সমস্যা সমাধানে কী করবো? এটি সমাধান করা সহজ নয়, কারণ প্রত্যেক সমস্যা আলাদা আলাদা। আমাদের প্রথম পদক্ষেপটি কোন কাজগুলো আমাদের আনন্দিত করে এবং কোন কাজগুলো আমাদের আনন্দিত করে না, তা নির্ধারণ করা।

জেরন্টোলজিস্ট কার্ল পিলেমার তার বিখ্যাত বই 'থার্লিন লেসন ফর লিভিং'-এর মধ্যে প্রায় এক হাজার বয়স্ক আমেরিকানদের সাক্ষাৎকার নেন; যেখানে তিনি এমন বয়স্ক আমেরিকানরা গত কয়েক দশকের জীবনের অভিজ্ঞতা থেকে যা শিখেছেন, তার অনুসন্ধান করেন।

তিনি লিখেছেন : কেউই এক হাজারের মধ্যে একজনও নয়-বলেনি যে সুখী হওয়ার জন্য আপনাকে আপনার পছন্দসই জিনিস ক্রয় করতে অর্থোপার্জনে যতোটা সম্ভব কঠোর পরিশ্রম করা।

কেউই একজন ব্যক্তিও নয়—বলেনি যে আপনার চারপাশের লোকদের মতো অন্তত ধনী হওয়া আপনার জন্য অতীব গুরুত্বপূর্ণ এবং যদি আপনার নিকট তাদের তুলনায় বেশি পরিমাণ অর্থ থাকে, তাহলে এটিই হবে আপনার জীবনের সফলতা।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

https://www.youtube.com/c/Audifeel_Purab_Das

অধ্যায় ॥ ৮

গাড়ি প্যারাডক্সের (ম্যাজিকের) মধ্যে মানুষ

একজন ভ্যালেট (ওয়েটার) হওয়ার সেরা সুবিধা হলো ফুটপাত দিয়ে অতিক্রম করা কিছু দুর্দান্ত গাড়ি দেখার সুযোগ পাওয়া। হোটেলের অতিথিরা ফেরারিস, ল্যাম্বর গিনিস, রোলস রয়েস-ইত্যাদি অভিজাত মডেলের গাড়ি নিয়ে আসেন। এমন ব্রান্ডের গাড়ি ক্রয় করা আমার স্বপ্ন ছিল। আমাকে আমার বন্ধুরা বলতো, আমি স্মার্ট। আমি ধনী। আমার মধ্যে ভালো মানের রুচিবোধ আছে।

হাস্যকর বিষয় হলো, একটি সুন্দর গাড়ি অতিক্রম করার সময় আমি খুব কমই চালকদের দিকে তাকাই; আমি বেশিরভাগ সময় গাড়ির দিকে তাকিয়ে থাকি। আপনি যখন কাউকে একটি সুন্দর গাড়ি চালাতে দেখেন, তখন আপনি খুব কমই ভাবেন, বাহ, যে লোকটি গাড়ি চালাচ্ছে, সে দেখতে খুব হ্যান্ডসাম। বরং, আপনি মনে মনে ভাবেন যে-'বাহ, যদি আমার কাছে এমন দামি গাড়িটি থাকতো, তাহলে মানুষেরা আমাকে খুব হ্যান্ডসাম ভাবতো। আমাদের অবচেতন মন কিংবা সাধারণ মানুষেরা এভাবেই ভাবে।

এখানে একটি প্যারাডক্স রয়েছে: মানুষেরা অন্যদের প্রশংসা পাওয়ার জন্য সম্পদ অর্জন করে। কিন্তু বাস্তবে সেই অন্যান্য মানুষেরা প্রায়শই আপনার প্রশংসা করা থেকে বিরত থাকে, কারণ তারা আপনার অর্জিত সম্পদকে প্রশংসার দাবিদার বলে মনে করে না। তারা আপনার অর্জিত সম্পদ অনুপাতে আপনার প্রশংসা করার ক্ষেত্রে তাদের নিজস্ব অভিরুচির মানদণ্ড ব্যবহার করে।

আমার ছেলের জন্মের পর আমি আমার এক আত্মীয়ের নিকট থেকে একটি চিঠিটি পেয়েছিলাম, তাতে লেখা ছিল—"আপনি হয়তো ভাবছেন যে, আপনার একটি দামি গাড়ি, একটি অভিনব ঘড়ি এবং

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

একটি বিশাল বাড়ি প্রয়োজন। কিন্তু আমি আপনাকে বলছি, আপনার সত্যিকারের প্রয়োজন এগুলো নয়। আপনার যা প্রয়োজন তা হলো, অন্যদের নিকট থেকে সম্মান এবং প্রশংসা; আপনি মনে করেন যে, আপনার অর্জিত সম্পদ তা নিয়ে আসবে, কিন্তু বাস্তবতা এমনটি নয়। এমনটি কখনই হয় না বিশেষ করে যাদের কাছ থেকে আপনি সম্মান প্রশংসা অর্জন করতে চান, তারা আপনার সম্পদের মূল্য অনুপাতে আপনার প্রশংসা করবে না।

আমার হোটেলে যারা নামি-দামি ব্র্যান্ডের গাড়ি নিয়ে আসতো, তারা মনে করে যে, তাদের নামি-দামি ব্র্যান্ডের গাড়ি-দেখে অন্যরা তাদের প্রশংসা করবে। কিন্তু তারা কি জানতো যে, আমি সত্যিকার অর্থে তাদের নামি-দামি ব্র্যান্ডের গাড়ির পাত্তাই দিইনি, এমনকি আমি তাদের খেয়ালও করিনি? তারা কি জানতো যে, আমি কেবল গাড়ির দিকে তাকিয়েছিলাম এবং নিজেকে ড্রাইভারের আসনে কল্পনা করছিলাম? তারা কি ফেরারি ব্র্যান্ডের গাড়ি ক্রয় করেছে এই ভেবে যে, এমন মূল্যবান গাড়িটি তাদের জন্য প্রশংসা বয়ে আনবে? তারা বুঝতে পারেনি যে, আমি এবং সম্ভবত অন্যরা সবাই যারা গাড়িতে মুগ্ধ হতো তারা মূলত নিজেদের জন্য এমন একটি গাড়ি ক্রয় করার স্বপ্ন দেখতো? একই ধারণা কি বিরাট বিলাসবহুল বাড়িতে বসবাসকারীদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে? মূল্যবান গয়না এবং জামাকাপড়ের ক্ষেত্রেও প্রযোজ্য হবে? উত্তর হবে হা। তবে, এখানে আমার বক্তব্য সম্পদ অর্জনের সাধনা ত্যাগ করা নয়। এমনকি অভিনব গাড়ি ক্রয় করার স্বপ্ন ত্যাগ করাও নয়। ব্যক্তিগতভাবে আমার সম্পদ এবং সুনাম অর্জন দুটোই পছন্দ। এটি সত্য যে, মানুষেরা সাধারণত অন্যদের দ্বারা সম্মানিত এবং প্রশংসিত হওয়ার আকাঙ্ক্ষা পোষণ করে। যদি সম্মান এবং প্রশংসা অর্জন করাই আপনার লক্ষ্য হয়, তাহলে আপনি কীভাবে এমন লক্ষ্য। অর্জন করতে চান, সে বিষয়ে সতর্ক থাকুন।

নম্রতা, দয়া এবং সহানুভূতি আপনাকে সম্পদের থেকেও চেয়ে বেশি সম্মান এনে দেবে। আমরা ফেরারি ব্র্যান্ডের গাড়ি সম্পর্কে কথা শেষ করিনি। পরের অধ্যায়ে ফেরারি ব্রান্ডের গাড়ির প্যারাডক্স সম্পর্কে আরেকটি গল্প আছে।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

অধ্যায় ॥ ৯

সম্পদ হলো যা আপনি দেখতে পাচ্ছেন না

টাকা তথা সম্পদের অনেক বিড়ম্বনা আছে। এখানে একটি গুরুত্বপূর্ণ বিষয় হলো: সম্পদ হলো তা, যা আপনি এই মুহূর্তে দেখতে পাচ্ছেন না। ২০০০-এর দশকের মাঝামাঝি সময়ে লস অ্যাঞ্জেলেস শহরের একটি রেস্টুরেন্টে ওয়েটার হিসেবে আমার ক্যারিয়ার শুরু; যখন রেস্টুরেন্টের প্রাথমিক সিলেকশনে আমার বাহ্যিক চেহারা এবং স্মার্টনেস অন্য সবকিছুর তুলনায় বেশি প্রাধান্য পেয়েছিল।

আপনি যদি আপনার আশেপাশে একটি ফেরারি ব্র্যান্ডের গাড়ি চলতে দেখেন, আপনি অনুমান করতে পারেন যে, গাড়ির মালিক অত্যন্ত ধনী—এমনকি যদিও আপনি গাড়ির ভিতরে বসে থাকার লোকটির দিকে খেয়ালও করেননি। তবে, আমি হোটেলে আমন্ত্রিত এমন অতিথিদের সাথে পরিচিত হওয়ার পর বুঝতে পারলাম যে, এরা খুব বেশি ধনী নন। এদের অনেকেই মাঝারি লেভেলের সফল ব্যবসায়ী, যারা তাদের আয়ের একটি বিশাল অংশ গাড়ি ক্রয়ে ব্যবহার করেছে। আমার এক সহকর্মীর কথা মনে পড়ে, যাকে আমরা রজার বলে ডাকতাম। সে আমাদের বয়সি ছিল। রজার চাকরির পাশাপাশি কী করে তা আমাদের জানা ছিল না। কিন্তু সে সবসময় নামি-দামি ব্র্যান্ডের হোন্ডা নিয়ে রেস্টুরেন্টে আসতো। হঠাৎ একদিন দেখলাম, রজার একটি পুরানো হোন্ডায় করে রেস্টুরেন্টে আসলেন। পরের সপ্তাহে একই দৃশ্য দেখলাম।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

‘তোমার নামি-দামি ব্র্যান্ডের হোন্ডার কী হয়েছে? আমি তাকে জিজ্ঞেস করলাম। সে বললো, তার গাড়ির ঋণ খেলাপির দায়ে ব্যাংক তার হোন্ডা ক্রোক করেছে। আমরা একথা শুনে লজ্জা পেলাম। সে এমনভাবে প্রতিক্রিয়া জানালো, যেন সে গেমের পরবর্তী নাটকটির সম্পর্কে বলছে। তার সম্পর্কে আমাদের সমস্ত অনুমান ভুল ছিল। লস এঞ্জেলস শহরের আনাচে-কানাচে রজারের মতো এমন ভুয়া ভাব দেখানো অসংখ্য ব্যক্তি রয়েছে।

কোনো ব্যক্তি যদি ১০০,০০০ ডলার মূল্যের গাড়ি চালান, তাহলে সম্ভবত তিনি ধনী। কিন্তু তাদের সম্পদ সম্পর্কিত ডেটা যদি এমন হয় যে, তাদের গাড়ি কেনার সময় ব্যাংকে ঋণের পরিমাণ ১০০,০০০ ডলারছিল (অথবা ১০০,০০০ ডলারেরও বেশি পরিমাণ ঋণ রয়েছে); তাহলে তারা ধনী ব্যক্তি নন। আমরা সাধারণত যা দেখি, তার দ্বারা একজন ব্যক্তির সম্পদের পরিমাণ বিচার করি; কারণ এমন ব্যক্তির অন্যান্য তথ্য আমাদের নিকট নেই।

আমরা এমন ব্যক্তিদের ব্যাংক অ্যাকাউন্ট কিংবা ব্রোকারেজ স্টেটমেন্ট দেখতে পাচ্ছি না। তাই আমরা এমন লোকদের আর্থিক সাফলতা পরিমাপ করার জন্য তাদের বাহ্যিক আপাত দৃশ্যমান সম্পদগুলোর হিসাব করি। যেমন—গাড়ি, ঘরবাড়ি ইত্যাদি। আধুনিক পুঁজিবাদ মানুষকে সম্পদ অর্জনে শিল্পকর্মে সম্পৃক্ত করেছে। কিন্তু সত্য হলো, সম্পদ হলো তা, যা আপনি এখনো দেখতে পাচ্ছেন না। সম্পদ সুন্দর গাড়ি কেনা নয়, হীরা কেনা নয়, নামি-দামি ঘড়ি পরা নয়, এলিট জামাকাপড় পরিধান করা নয়। সম্পদ, হলো এমন আর্থিক সম্পদ যা এখনো আপনার দেখা জিনিসে রূপান্তরিত হয়নি।

আমরা সম্পদ বিষয়টিকে এভাবে ভাবি না, কারণ আমরা যা দেখতে পাচ্ছি না, তা আমাদের সম্পদ হিসেবে গণ্য করতে পারি না। বিখ্যাত গায়িকা রিহানা অতিরিক্ত খরচ করার ফলে প্রায় দেউলিয়া হয়ে যান এবং তিনি ক্ষুব্ধ হয়ে তার আর্থিক উপদেষ্টার বিরুদ্ধে মামলা

Audifeel™ এর অনুমতি ব্যাতিত ‘দ্য সাইকোলজি অফ মানি’ এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

করেন। তার উপদেষ্টা তাকে উত্তর দেন: 'এটা কি সত্যিই আপনাকে বলার দরকার ছিল যে, আপনি যদি যেকোনো জিনিস ক্রয় করে অর্থ ব্যয় করেন, তাহলে আপনি কী জিনিসগুলো শেষ করছেন, নাকি আপনার টাকা শেষ করছেন?

এমন প্রশ্নের অবশ্যই উত্তর হবে হ্যাঁ । যখন বেশিরভাগ মানুষেরা বলে যে, তারা কোটিপতি হতে চায়, তখন তারা আসলে যা বোঝাতে চায় তা হলো, তারা এক মিলিয়ন ডলার খরচ করতে চায়। এটি আক্ষরিক অর্থে কোটিপতি হওয়ার বিপরীত। বিখ্যাত বিনিয়োগকারী 'বিল মান' একবার লিখেছিলেন: সত্যিকারের সুন্দর জিনিসগুলোতে প্রচুর পরিমাণে অর্থ ব্যয় করার চেয়ে ধনী অনুভব করার আর কোনো মাধ্যম নেই।

কিন্তু ধনী হওয়ার একমাত্র উপায় হলো, আপনার কাছে থাকা অর্থগুলো ব্যয় করা এবং আপনার কাছে নেই, এমন অর্থ ব্যয় না করা। এটা সত্যিই খুব সহজ। এটি চমৎকার পরামর্শ, কিন্তু এমন পরামর্শ পালন করা অনেক কঠিন। ধনী হওয়ার একমাত্র উপায় হলো, আপনার কাছে জমাকৃত অর্থ ব্যয় না করা।

এটি সম্পদ সঞ্চয় করার একমাত্র উপায় নয়; বরং এটি সম্পদের গ্রহণযোগ্য সংজ্ঞা। ধনী হওয়া এবং ধনী থাকার মধ্যে পার্থক্যগত বিষয়টি সংজ্ঞায়িত করণে আমাদের সতর্কতা অবলম্বন করা উচিত। এটি শব্দার্থ বিদ্যার চেয়েও বেশি কিছু। এমন বিষয়ে পার্থক্য না জানা লোক সঠিক অর্থনৈতিক সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন না। ধনী বলতে আপনার বর্তমান আয়কে সম্পৃক্ত করে। যে কেউ ১০০,০০০ ডলার মূল্যের গাড়ি চালাচ্ছেন, তিনি অবশ্যই ধনী, কারণ তিনি গাড়িটি ঋণ নিয়ে ক্রয় করেননি। যারা বড় বাড়িতে থাকেন, তাদের ক্ষেত্রে একই নীতি প্রযোজ্য। ধনী ব্যক্তিদের চিহ্নিত করা কঠিন নয়। তারা প্রায়শই নিজেদের পরিচিত করতে বিলাসবহুল আসবাবপত্র ব্যবহার করেন। কিন্তু আপনার যে সম্পদ লুকিয়ে রেখেছেন, তা আপনার আয়, খরচ নয়। সম্পদ এমন একটি বিকল্প, যা পরে কিছু ক্রয় করার জন্য এখনো ব্যবহার করা হয়নি।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

অধ্যায় ॥ ১০

অর্থ সঞ্চয় করুন

আপনি নিজেকে অর্থ সঞ্চয় করতে রাজি করান। এটি বেশি সময় লাগবে না। কিন্তু এটি একটি অদ্ভুত কাজ, তাই না? টাকা সঞ্চয় করার জন্য লোকদের কী বোঝাতে হবে? আমার পর্যবেক্ষণ হলো, হঁ্যা, অনেকেই অর্থ সঞ্চয় করে। আয়ের একটি নির্দিষ্ট স্তরের ভিত্তিতে মানুষ তিনটি দলে বিভক্ত :

১. যারা সঞ্চয় করেন,

২. যারা মনে করেন না তারা সঞ্চয় করতে পারবেন এবং

৩. যারা মনে করেন, না তাদের সঞ্চয় করা দরকার।

সঞ্চয় করা পরের দুই শ্রেণির জন্য অনেক কঠিন। প্রথম ধারণা সহজ, কিন্তু উপেক্ষা করা সহজ হলো এই যে, সম্পদ তৈরি করার সাথে আপনার আয় বা বিনিয়োগের রিটার্নের খুব একটা সম্পর্ক নেই এবং আপনার সঞ্চয়ের হারের সাথে অনেক কিছু করার আছে। দক্ষতার শক্তি সম্পর্কে দ্রুত একটি গল্প বলি।

১৯৭০-এর দশকে পৃথিবীকে দেখে মনে হচ্ছিল, প্রাকৃতিক খনিজ তেল ফুরিয়ে যাচ্ছে। বিশ্ব অর্থনীতিতে প্রচুর তেল ব্যবহার করা হতো, বিশ্ব অর্থনীতি ক্রমবর্ধমান ছিল এবং আমরা যে, পরিমাণ তেল ড্রিল করতে পারি, তার ধারাবাহিকতা রক্ষা করা হয়নি। আমাদের তেল ফুরিয়ে যায়নি, আল্লাহকে ধন্যবাদ। কিন্তু তা শুধু এ কারণেই নয় যে, আমরা আরো তেল পেয়েছি বা মাটি থেকে তেল উত্তোলন করার ক্ষেত্রে

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

আমরা আরো দক্ষ হয়েছি। তেলের সংকট কাটিয়ে ওঠার সবচেয়ে বড় কারণ হলো, আমরা এমন গাড়ি, কারখানা এবং বাড়ি তৈরি করতে শুরু করেছি, যেগুলো আগের চেয়ে বেশি শক্তি সাশ্রয়ী। মার্কিন যুক্তরাষ্ট্রে আজ ১৯৫০ সালের তুলনায় জিডিপির ডলার প্রতি ৬০% কম জ্বালানি শক্তি ব্যবহার করা হয়।

একটি ১৯৮৯ সালের ফোর্ড টরাস (সেডান) গাড়িতে গড় ১৮.০ MPG তেল খরচ করা হয়। বিশ্ব তার শক্তি সম্পদ বৃদ্ধি করেছে, তার শক্তি বৃদ্ধি করে নয়, বরং প্রয়োজনীয় শক্তি হ্রাস করে। ১৯৭৫ সাল থেকে বর্তমান সময় পর্যন্ত যুক্তরাষ্ট্রে তেল এবং গ্যাস উৎপাদন ৬৫% বৃদ্ধি পেয়েছে, যেখানে এমন সম্পদের ব্যবহার সংরক্ষণ এবং দক্ষতা আমরা এই শক্তি দিয়ে যা করতে পারি, তার দ্বিগুণেরও বেশি হয়েছে।

সুতরাং কোনটি বেশি গুরুত্বপূর্ণ, তা নির্ণয় করা সহজ। এখানে গুরুত্বপূর্ণ বিষয় হলো, আরো শক্তি খুঁজে বের করা, যা আমাদের নিয়ন্ত্রণের বাইরে এবং অনিশ্চয়তায় আচ্ছন্ন। সঠিক ভূতত্ত্ব, ভূগোল, আবহাওয়া এবং ভূরাজনীতি সম্পর্কে জানতে হবে। কিন্তু আমরা যে শক্তি ব্যবহার করি, তার সাথে এমন শক্তির ব্যবহারে আরো দক্ষ হলে, এমন প্রাকৃতিক শক্তি আমাদের নিয়ন্ত্রণে থাকবে। একটি গাড়ি কেনা কিংবা বাইক চালানোর সিদ্ধান্ত আপনার নিজের উপর নির্ভর করে; আপনার মধ্যে এগুলো পরিচালনা করার দক্ষতাগত দিক থেকে ১০০% উন্নতির সম্ভাবনা রয়েছে।

আমাদের টাকা ব্যবহারের ক্ষেত্রেও একই কথা প্রযোজ্য। বিনিয়োগের রিটার্ন আপনাকে ধনী করতে পারে। কিন্তু একটি বিনিয়োগ কৌশল কাজ করবে কিনা, এটি কতোক্ষণ কাজ করবে এবং বাজার স্থিতিস্থাপকতা আপনার অনুকূলে কিনা, তা সর্বদা সন্দেহের মধ্যে থাকে। এমন প্রশ্নগুলোর ফলাফল সর্বদা অনিশ্চয়তায় আচ্ছন্ন থাকে। ব্যক্তিগত সঞ্চয় এবং মিতব্যয়িতা-অর্থের সংরক্ষণ এবং দক্ষতা এগুলো অর্থ সমীকরণের অংশ, যা আপনার নিয়ন্ত্রণে থাকলে আপনার জন্য কার্যকরভাবে সফল হওয়ার ১০০% সম্ভাবনা রয়েছে।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

আপনি যদি সম্পদ বিনির্মাণের বিষয়টিকে এমন কিছু' হিসেবে দেখেন, যার জন্য আরো বেশি অর্থ বা আরো বিনিয়োগ রিটার্নের প্রয়োজন, তাহলে আপনি ১৯৭০ এর দশকের ব্যর্থ বিনিয়োগকারীদের মতো হতাশাবাদী হয়ে উঠতে পারেন। আপনার সামনের পথটি কঠিন হয়ে যাবে এবং পরিস্থিতি আপনার নিয়ন্ত্রণের বাইরে চলে যাবে। আপনি যদি সম্পদ বিনির্মাণের বিষয়টিকে আপনার নিজের মিতব্যয়িতা এবং দক্ষতা দ্বারা পরিচালিত করেন, তাহলে দেখবেন যে, আপনার ভাগ্য আরো পরিষ্কার।

সম্পদ হলো আপনি যা গ্রহণ করেন, তা ব্যয় করার পরে সঞ্চিত অবশিষ্টাংশ। যদিও আপনি উচ্চ আয় ছাড়াই সম্পদ তৈরি করতে পারেন, তথাপি উচ্চ সঞ্চয় হার ছাড়া সম্পদ গড়ার কোনো সুযোগ নেই; এটি পরিষ্কার যে, কোনটি বেশি গুরুত্বপূর্ণ। আরো গুরুত্বপূর্ণ বিষয়টি হলো, সম্পদের মূল্য আপনার যা প্রয়োজন, তার সাথে আপেক্ষিক।

মনে করুন যে, আপনার এবং আমার একই নেট মূল্য আছে। আপনি আমার চেয়ে ভালো বিনিয়োগকারী। আমি ৮% বার্ষিক আয় করতে পারি এবং আপনি ১২% বার্ষিক রিটার্ন উপার্জন করতে পারেন। কিন্তু আমি আমার টাকা ব্যবহারে বেশি দক্ষ। ধরা যাক, সুখী হওয়ার জন্য আমার অর্ধেক অর্থের প্রয়োজন, যেখানে আপনার জীবনধারা আপনার সম্পদের মতো দ্রুত পরিবর্তিত হয়। খারাপ বিনিয়োগকারী হওয়া সত্ত্বেও আমি আপনার থেকে ভালো আছি। কম রিটার্ন সত্ত্বেও আমি আমার বিনিয়োগ থেকে বেশি সুবিধা পাচ্ছি। আয়ের ক্ষেত্রেও একই কথা প্রযোজ্য। কম টাকায় সুখী হতে হলে, আপনাকে শিখতে হবে আপনার কাছে যা আছে এবং আপনি যা চান, তার মধ্যে একটি ব্যবধান তৈরি করা—আপনার বেতন বৃদ্ধি পেলেও খরচের পরিমাণ বৃদ্ধি করবেন না। একটি উচ্চলেভেলের সঞ্চয় হারের মানে আপনার আয়ের তুলনায় কম খরচ করা।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

অধ্যায় ॥ ১১

যুক্তিসংগত বনাম যুক্তিযুক্ত

আপনি একটি স্প্রেডশিট নিন। আপনি এমন একজন ব্যক্তি, যিনি বিকৃত, আবেগপ্রবণ। বিষয়টি অনুধাবন করতে আপনার কিছু সময় লেগেছে, কিন্তু আপনি বুঝতে পেরেছেন, এটি অর্থের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশগুলোর মধ্যে একটি।

এর সাথে এমন কিছু বিষয় সম্পৃক্ত, যা প্রায়শই উপেক্ষা করা হয়: আর্থিক সিদ্ধান্ত নেওয়ার সময় ধীরস্থিরভাবে যুক্তিবাদী হওয়ার লক্ষ রাখবেন না। শুধু সুন্দর যুক্তিসংগত হওয়ার লক্ষ রাখুন। যুক্তিসংগত হওয়ার অর্থ আরো বাস্তবসম্মত হওয়া এবং আপনার দীর্ঘমেয়াদে এমন দৃষ্টিভঙ্গির সাথে লেগে থাকার আরো ভালো সুযোগ রয়েছে, যা অর্থ পরিচালনা করার সময় সবচেয়ে গুরুত্বপূর্ণ।

আমি কী বলতে চাইছি, তা দেখানোর জন্য, আমি আপনাকে একজন মানুষের গল্প বলি যে, ম্যালেরিয়া রোগের ওষুধ দিয়ে সিফিলিস রোগ নিরাময়ের চেষ্টা করেছিল। জে উলিয়াস ওয়াগনার জে অরেগ ১৯ শতকের একজন মনোরোগ বিশেষজ্ঞ ছিলেন, যার দুটি অনন্য দক্ষতা ছিল: তিনি মনোরোগের নিদর্শনগুলো চিনতে পারদর্শী ছিলেন এবং অন্যরা যাকে ‘পাগল' হিসেবে দেখতো, তিনি তাকে কেবল ‘সাহসী হিসেবে দেখতেন।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত ‘দ্য সাইকোলজি অফ মানি’ এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

তার বিশেষত্ব ছিল গুরুতর নিউরোসিফিলিস রোগীদের চিকিত্সা করা—তখন তিনি কোনো পরিচিত চিকিৎসা পদ্ধতি ছাড়াই এমন একটি মারাত্মক রোগ নির্ণয় করেন। তিনি একটি প্যাটার্ন লক্ষ করতে শুরু করেন: সিফিলিস রোগী যদি দীর্ঘ সময় ধরে জ্বরে আক্রান্ত হন, তাহলে তার সেরে উঠার সম্ভাবনা রয়েছে।

ওয়াগনার—জে অরেগ ধরে নিয়েছিলেন যে, রোগটি একটি কুঁচকির কারণে হয়ে থাকে যা প্রায় শতাব্দী ধরে রোগীর শরীরে বিদ্যমান ছিল, কিন্তু ডাক্তাররা ভালোভাবে বুঝতে পারেননি: জ্বর শরীরকে সংক্রমণের বিরুদ্ধে লড়াই করতে সহায়তা করে। তাই তিনি এমন যৌক্তিক সিদ্ধান্তে ঝুঁপিয়ে পড়েন।

১৯০০-এর দশকের গোড়ার দিকে ওয়াগনার-জে অরেগ টাইফয়েড, ম্যালেরিয়া এবং গুটিবসন্তের লো-এন্ড স্ট্রেনের রোগীদের ইনজেকশন দিতে শুরু করেন, যাতে তাদের শরীরে সিফিলিস রোগের জীবাণু মেরে ফেলার জন্য যথেষ্ট জ্বর হয়। এটি যথেষ্ট বিপজ্জনক ছিল। তার কিছু রোগী চিকিৎসাধীন অবস্থায় মারা গেছে। তিনি অবশেষে ম্যালেরিয়ার একটি দুর্বল সংস্করণে স্থির হন, যেহেতু কয়েক দিনের হাড়-ঝকড়া জ্বরের পর এটি কুইনাইন দিয়ে কার্যকরভাবে মোকাবিলা করা হতো। কিছু ট্র্যাজিক ট্রায়াল এবং ত্রুটির পর তার পরীক্ষা কাজ করে। ওয়াগনার-জে অরেগ রিপোর্ট করেছেন যে ১০ জনের মধ্যে ৬ জন সিফিলিস রোগীকে 'ম্যালেরিও থেরাপি দিয়ে চিকিৎসা করা হয়েছে, যেখানে ১০ জনের মধ্যে ৩ জন একক রোগীর তুলনায় সুস্থ হয়ে উঠেছে। তিনি ১৯২৭ সালে চিকিৎসাশাস্ত্রে নোবেল পুরস্কার জিতেছিলেন। সংস্থাটি আজ উল্লেখ করেছে: 'ওয়াগনার-জে অরেগের কর্মজীবনের প্রধান কাজটি ছিল জ্বর প্ররোচিত করে, মানসিক রোগ নিরাময়ের প্রচেষ্টা করা।' যা তখনকার সময়ে অপ্রচলিত ছিল। ঈশ্বরকে ধন্যবাদ।।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

কিন্তু Wagner-J Auregg ইতিহাসের একমাত্র ডাক্তার, যিনি সংক্রমণের বিরুদ্ধে লড়াইয়ে জ্বরের ভূমিকাকে শুধুমাত্র স্বীকৃতিই দেননি, বরং এটিকে একটি চিকিৎসা পদ্ধতি হিসেবেও উল্লেখ করেছেন। জ্বর সবসময় রহস্যজনক।

প্রাচীন রোমানরা ফেব্রিসদেবীর পূজা করতো যিনি মানুষকে জ্বর থেকে রক্ষা করেন। পরের রাউন্ডের কাঁপুনি বন্ধ করার আশায় দেবীকে শান্ত করার জন্য মন্দিরে তাবিজ রেখে দেওয়া হতো। কিন্তু WagnerJ Auregg বিপরীত মতাদর্শী ছিলেন। তার মতে জ্বর দুর্ঘটনাজনিত উপদ্রব নয়। এটি শরীরের পুনরুদ্ধারে ভূমিকা পালন করে। আমাদের কাছে এখন সংক্রমণের বিরুদ্ধে লড়াইয়ে জ্বরের উপযোগিতার আরো ভালো, আরো বৈজ্ঞানিক প্রমাণ রয়েছে। শরীরের তাপমাত্রায় এক ডিগ্রি। বৃদ্ধিতে ২০০ ফ্যাক্টর দ্বারা কিছু ভাইরাসের প্রতি লিপির হারকে ধীর করে দেখানো হয়েছে।'

'অসংখ্য গবেষকরা জ্বর আক্রান্ত রোগীদের মধ্যে একটি ভালো ফলাফল চিহ্নিত করেছেন, একটি এনআইএইচ পেপার লিখেছেন। সিয়াটল শিশু হাসপাতাল সন্তানের তাপমাত্রা সামান্য বৃদ্ধিতে আতঙ্কিত হতে পারে, এমন অভিভাবকদের প্রশিক্ষিত করার জন্য এর ওয়েবসাইটে একটি বিভাগ খুলেছে: জ্বর শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে' শিরোনামে। এটি শরীরকে সংক্রমণের বিরুদ্ধে লড়াই করতে সহায়তা করে। ১০০° এবং ১০৪° f-এর মধ্যে স্বাভাবিক জ্বর অসুস্থ শিশুদের জন্য ভালো। কিন্তু সেখানেই বিজ্ঞান শেষ হয়, যেখানে বাস্তবতা গ্রহণ করে। জ্বর রোগটিকে প্রায় সর্বজনীনভাবে একটি খারাপ রোগ হিসেবে দেখা হয়। টাইলেনল জাতীয় ওষুধ দিয়ে এই রোগের চিকিৎসা করা হয়। প্রতিরক্ষা ব্যবস্থা হিসাবে লক্ষ লক্ষ বছরের বিবর্তন সত্ত্বেও কোনো পিতামাতা, কোনো রোগী, কোনো ডাক্তার এবং অবশ্যই কোনো ওষুধ কোম্পানি জ্বরকে দূর করা উচিত নয়, এমন বক্তব্যের সমর্থন করবে না। এই মতামতটি পরিচিত বিজ্ঞানের মতামতের সাথে মেলে না ।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

https://www.youtube.com/c/Audifeel_Purab_Das

অধ্যায় ॥ ১২

সারপ্রাইজ

স্ট্যানফোর্ডের অধ্যাপক স্কট সেগান একদা মন্তব্য করেন যে, প্রত্যেকেরই যারা অর্থনীতি বা বিনিয়োগের বাজার বিশ্লেষণ করেন, তাদের ছবি দেয়ালে ঝুলিয়ে রাখা উচিত: যা আগে কখনো ঘটেনি, তা সবসময় ঘটতে পারে। ইতিহাস বেশিরভাগই বিস্ময়কর ঘটনার অধ্যয়ন। তবে এটিকে প্রায়শই বিনিয়োগকারী এবং অর্থনীতিবিদরা ভবিষ্যতের জন্য একটি অনুপম গাইড হিসেবে ব্যবহার করেন।

বিড়ম্বনা দেখছেন? আপনি সমস্যা দেখতে পান কী? অর্থনৈতিক এবং বিনিয়োগের ইতিহাস সম্পর্কে গভীর উপলব্ধি অর্জন করা বুদ্ধিমানের কাজ। ইতিহাস আমাদের প্রত্যাশাগুলোকে স্যালিব্রেট করতে সাহায্য করে, মানুষেরা কোথায় ভুল করে তা অধ্যয়ন করে এবং বর্তমানে আমাদের কী ধরনের অর্থনৈতিক কাজ করা দরকার, তার একটি মোটামুটি গাইডলাইন অফার করে। ইতিহাস আমাদেরকে ভবিষ্যতের মানচিত্র অর্পণ করে। অনেক বিনিয়োগকারীরা ফাঁদে পড়ে যান, যাকে 'ইতিহাসবিদরা ভাববাদী' বিভ্রান্তি বলে থাকেন: একটি নির্দিষ্ট ক্ষেত্রের ভবিষ্যৎ পরিস্থিতির সংকেত হিসেবে অতীতের অর্থনৈতিক ডেটা বিশ্লেষণের উপর অত্যধিক নির্ভর করা হয়, যা উদ্ভাবন, পরিবর্তন এবং অগ্রগতির প্রাণশক্তি।

আপনি যদি বিনিয়োগের বিষয়টিকে একটি কঠিন অর্থনৈতিক বিজ্ঞান হিসেবে দেখেন, তাহলে ইতিহাস আপনার ভবিষ্যতের জন্য

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

একটি নিখুঁত গাইড লাইন হিসেবে গণ্য হবে। ভূতত্ত্ববিদরা পৃথিবী গ্রহের এক বিলিয়ন বছরের ইতিহাসগত তথ্য উদঘাটন করতে পারেন এবং পৃথিবী গ্রহটি কীভাবে নিয়ন্ত্রিত হচ্ছে, তার একটি সম্ভাব্য মডেল তৈরি করতে পারেন।

আবহাওয়াবিদরাও তাই করতে পারেন। ডাক্তাররা ২০২০ সালে কিডনি রোগের চিকিৎসা একইভাবে করেন, যেভাবে তারা ১০২০ সালে করতেন। কিন্তু শেয়ার মার্কেটে বিনিয়োগ করা অর্থনীতির কঠিনতম বিজ্ঞান নয়; অর্থাৎ এখানে ধরাবাঁধা কোনো রুলস নেই। রিচার্ড ফাইনম্যান, মহান পদার্থ বিজ্ঞানী, একদা মন্তব্য করেন—ভাবুন, ইলেকট্রনের যদি অনুভূতি থাকতো, তাহলে পদার্থবিজ্ঞান বিষয়টি কতোটা কঠিন হতো। বিনিয়োগকারীদের অনুভূতি আছে, তারা আমাদের মতোই মানুষ। এ কারণেই এমন মানুষেরা অতীতে যা করেছে, তার উপর ভিত্তি করে তারা পরবর্তীতে ভবিষ্যতে কী করবে, তা অনুমান করা অনেক কঠিন। অর্থনীতির মূল নীতিমালা হলো এই যে, সম্পদের চাহিদা সময়ের সাথে সাথে পরিবর্তিত হয়, কারণ বাজারের অদৃশ্য হাত যেকোনো পণ্যের চাহিদা ও যোগান রেখা নিয়ন্ত্রণ করে। বিখ্যাত বিনিয়োগকারী বিল বোনার পুঁজিবাদী মার্কেট কীভাবে কাজ করে, তা ব্যাখ্যা করেন: বাজারের চাহিদা ও যোগান বিধি পণ্যের মূল্য নির্ধারণ করে। মানুষের চাহিদার লেভেল সবসময় স্থির থাকে না। এটি সংস্কৃতি এবং প্রজন্মের সাথে সাথে পরিবর্তিত হয়। মানুষের চাহিদার লেভেল সর্বদা পরিবর্তনশীল। অর্থনীতি একটি নির্দিষ্ট ইভেন্টের অভিজ্ঞতায় আপনার পরবর্তীতে কী ঘটবে, তা জানার কোনো সুযোগ নেই।

আসলে এমনটি খুব কমই হয়, কারণ অভিজ্ঞতা আপনাকে পূর্বাভাস দেওয়ার ক্ষমতার চেয়ে অতিরিক্ত আত্মবিশ্বাসের দিকে নিয়ে যায়। বিনিয়োগকারী মাইকেল ব্যাটনিক বিষয়টিকে ভালোভাবে ব্যাখ্যা করেছেন, এই যুক্তির মুখোমুখি হয়ে যে, খুব কম বিনিয়োগকারীরা

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

সুদের হার বৃদ্ধির জন্য প্রস্তুত, কারণ তারা কখনই পূর্বেকার পরিস্থিতি এমন ঘটনা দেখেননি—ক্রমবর্ধমান সুদের হারের শেষ আলোচিত ঘটনাটি ঘটে প্রায় ৪০ বছর আগে তিনি যুক্তি দেন যে, এমনকি অতীতের কোনো অভিজ্ঞতা কিংবা ঘটনা ভবিষ্যতের কোনো নির্দেশিকা হিসেবে কাজ নাও করতে পারে, কারণ যখন ঋণের সুদের হার বাড়বে, তখন কী হবে: তাহলে কী ঘটতে পারে? বর্তমান সুদের হার বৃদ্ধি কী পূর্বেকার ঘটনার মতো হবে, নাকি ভিন্ন কিছু হবে?

একদিকে, ১৯৮৭, ২০০০ এবং ২০০৮ সালের ঘটনাগুলো থেকে বিনিয়োগকারীরা বিভিন্ন বাজার ব্যবস্থাপনা সম্পর্কে অভিজ্ঞতা অর্জন করেছে। অন্যদিকে, সম্ভবত এমন অভিজ্ঞতা বিনিয়োগকারীদেরকে অতিরিক্ত আত্মবিশ্বাসের দিকে নিয়ে যেতে পারে? আপনি ভুল স্বীকার করতে অক্ষম হতে পারেন? আপনি যদি বিনিয়োগের পূর্বেকার ঘটনার উপর খুব বেশি নির্ভর করেন, তাহলে আপনি দুটি বিপজ্জনক পরিস্থিতির সম্মুখীন হতে পারেন।



Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

১. আপনি সম্ভবত এমন ইভেন্টগুলো মিস করবেন, যা সবচেয়ে • বেশি গুরুত্বপূর্ণ ছিল। ঐতিহাসিক গুরুত্বপূর্ণ অর্থনৈতিক,

ঘটনা, রেকর্ড-ব্রেকিং ঘটনা। যে ঘটনাগুলো অর্থনীতিতে এবং স্টক মার্কেটে আলোড়ন তৈরি করেছে। আমি যখন বইটি লিখছি, তখনো আমেরিকার অর্থনীতিতে মহা মন্দা চলছে ২০০৭ সালের ডিসেম্বরের শেষদিকে মহামন্দা শুরু হওয়ার পর থেকে আজ ১২ বছর অবদি মহামন্দা চলমান রয়েছে। কেন মন্দার পরিস্থিতি ঘন ঘন সৃষ্টি হচ্ছে, সে সম্পর্কে প্রচুর অর্থনৈতিক তত্ত্ব রয়েছে। একটি তত্ত্ব মোতাবেক ব্যবসায়ীদের সিন্ডিকেটের ফলে মহামন্দার পরিস্থিতি সৃষ্টি হচ্ছে। আরেকটি তত্ত্ব মোতাবেক ভারী-লেভেলের শিল্প প্রতিষ্ঠানগুলো গত ৫০ বছরে অর্থনীতির বাজারে আধিপত্য করছে। হতাশাবাদীদের দৃষ্টিভঙ্গি এমন যে, আমাদের বর্তমান মহামন্দা দিন দিন অতীতের মহামন্দার তুলনায় আরো বেশি শক্তিশালী হচ্ছে।

অর্থনীতির এমন ঐতিহাসিক পরিবর্তনগুলো কীভাবে বিনিয়োগ সিদ্ধান্তকে প্রভাবিত করবে, তা দেখানোর জন্য, এমন একজন ব্যক্তির থিওরি বিবেচনা করুন, যাকে অনেকেই বিশ্বাস করে যে, সর্বকালের সর্বশ্রেষ্ঠ অর্থনীতিবিদ : যেমন-বেঞ্জামিন গ্রাহাম।গ্রাহামের ক্ল্যাসিক বই, 'দ্য ইন্টেলিজেন্ট ইনভেস্টর', এর মধ্যে তত্ত্বের চেয়ে ব্যবহারিক দিকনির্দেশনার উপর বেশি ফেকাস করা হয়েছে। তার বর্ণিত সূত্রগুলো বিনিয়োগকারীরা স্মার্ট বিনিয়োগের সিদ্ধান্ত নিতে ব্যবহার করতে পারেন। আমি কিশোর বয়সে গ্রাহামের বই পাঠ করি; প্রথমবার বিনিয়োগ সম্পর্কে জানতে পারি। বইটিতে উপস্থাপিত সূত্রগুলো আমার কাছে আকর্ষণীয় ছিল, কারণ এতে আক্ষরিক অর্থে ধনী হওয়ার জন্য ধাপে ধাপে করণীয় নির্দেশাবলি ছিল। শুধু নির্দেশাবলি অনুসরণ করুন। এটি আপনার কাছে সহজ কাজ মনে হতে পারে। কিন্তু প্রয়োগ করার জটিলতা স্পষ্ট হয় তখনই, যখন আপনি এই সুত্রগুলোর কিছু সূত্র প্রয়োগ করার চেষ্টা করেন: আসলে এমন সূত্রগুলোর মধ্যে কয়েকটি সূত্র কাজ করে। গ্রাহামের তত্ত্বগুলোতে একজন রক্ষণশীল

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

বিনিয়োগকারীকে ১:৫ গুণের বেশি মূল্যের জন্য স্টক ট্রেডিং পরিহার করার নির্দেশনা দেওয়া হয়েছে। আপনি যদি গত এক দশক ধরে এই নিয়মটির বিপরীত নিয়ম অনুসরণ করেন, তাহলে আপনার কাছে বিমা এবং ব্যাংক স্টক ছাড়া আর কিছুই থাকবে না। পৃথিবীর এমন কোনো বাজার ব্যবস্থাপনা নেই, যেখানে এমন নীতিমালার বিপরীত নীতিমালা প্রযোজ্য হতে পারে। দ্য ইন্টেলিজেন্ট ইনভেস্টর' বইটি বিনিয়োগ সংক্রান্ত বিষয়ের উপর সর্বকালের সর্বশ্রেষ্ঠ বইগুলোর মধ্যে অন্যতম। কিন্তু আমি এমন কোনো বিনিয়োগকারীকে চিনি না, যিনি গ্রাহামের প্রকাশিত সূত্রগুলো ভালোভাবে বাস্তবায়ন করেছেন। বইটি জ্ঞানের দিক থেকে পরিপূর্ণ-সম্ভবত অন্য যেকোনো বিনিয়োগসংক্রান্ত বইয়ের চেয়ে তুলনামূলক বেশি প্রকাশিত বই। কিন্তু, এখানে কীভাবে গাইড করতে হয়, সে বিষয়ে সঠিক দিক নির্দেশনা নেই।

তাহলে কী হলো? গ্রাহাম কী কেবলমাত্র একজন শোম্যান ছিলেন, যিনি ভালো বলতে পারেন, কিন্তু যার পরামর্শ কাজ করে না? একেবারেই এমনটি নয়। তিনি নিজেই একজন সফল বিনিয়োগকারী ছিলেন। তবে তার ব্যবহারিক জ্ঞান কম ছিল। জে অ্যাসন জেড ওয়েইগ—যিনি গ্রাহামের বইয়ের পরবর্তী সংস্করণে একটি টীকা লেখেনএকবার লিখেছিলেন: গ্রাহাম ক্রমাগত পরীক্ষা করেন তার অনুমানগুলোকে পুনরায় পরীক্ষা করেন—পরীক্ষাগুলো কীভাবে কাজ করে, তা অনুসন্ধান করেন—গতকাল অর্থনীতি কেমন ছিল তা নয়, বরং আজ অর্থনীতিতে কী ঘটতে চলেছে তা। দ্য ইন্টেলিজেন্ট ইনভেস্টর বইয়ের প্রতিটি সংশোধিত সংস্করণে, গ্রাহাম পূর্ববর্তী সংস্করণে যে সূত্রগুলো উপস্থাপন করেন, তা বাতিল করে দেন এবং সেগুলোকে নতুন সূত্র দিয়ে প্রতিস্থাপন করেন। অথচ তার পূর্বেকার সূত্রগুলোই এখন ভালো কাজ করছে বলে মনে হচ্ছে। গ্রাহামের বইটির একটি সাধারণ সমালোচনা হলো এই যে, তার বইটির ১৯৭২ সালের সংস্করণে উল্লিখিত সমস্ত সূত্র এখন পুরানো হয়ে গেছে। তিনি ১৯৬৫ সালের সংস্করণের সূত্রগুলো দিয়ে ১৯৭২ সালের সংস্করণের সূত্রগুলোকে প্রতিস্থাপন করেন, যেগুলো ১৯৫৪ সালের সংস্করণে প্রতিস্থাপিত হয়েছিল।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

অধ্যায় ॥ ১৩

ভুল করার সুযোগ

স্মার্ট আর্থিক আচরণের কিছু সেরা উদাহরণের একটি সম্ভাব্য জায়গা হতে পারে : লাস ভেগাস ক্যাসিনো। অবশ্য সব খেলার মধ্যে এমন সুযোগ পরিলক্ষিত নয়। ব্লজ্যাক খেলোয়াড়দের একটি ক্ষুদ্র দল, যারা কার্ড গণনার অনুশীলন করে সাধারণ মানুষদেরকে অর্থ পরিচালনার বিষয়ে অসাধারণ গুরুত্বপূর্ণ কিছু শেখাতে পারেন: ত্রুটির সুযোগ রাখার গুরুত্ব। ব্লজ্যাক কার্ড গণনার মৌলিক বিষয়গুলো সহজ: ডিলার পরবর্তীতে কোনো কার্ড তুলবেন, তা নিশ্চিতভাবে কেউ জানতে পারে। কিন্তু ইতোমধ্যে যে কার্ডগুলো ডিল করা হয়েছে, সেগুলো ট্র্যাক করে আপনি গণনা করতে পারেন, যেকোনো কার্ডগুলো তোলা হতে পারে।

গণনা করার মাধ্যমে আপনি ডিলারের তোলা একটি নির্দিষ্ট কার্ডের প্রতিকূলতা নির্ধারণ করতে পারেন। একজন খেলোয়াড় হিসেবে আপনি বাজি ধরতে পারেন, যখন আপনার পছন্দের কার্ড পাওয়ার সম্ভাবনা আপনার পক্ষে থাকে। ব্লজ্যাক খেলোয়াড়েরা মনে করে, যেকোনো বিশেষ কার্ডে তাদের চালবাজি সঠিক হওয়ার ভালো সুযোগ রয়েছে, তবে তারা জানেন যে, এখানে তাদের ভুল করারও সুযোগ রয়েছে। কার্ড কাউন্টিং সিস্টেম কাজ করে, কারণ আপনি এর মাধ্যমে কোন কার্ডটি চালবেন, তা সঠিকভাবে নির্ধারণ করতে পারেন। কিন্তু যদি প্রতিকূলতা আপনার পক্ষে মনে হয়, তাহলে বেশি বাজি ধরবেন না। আপনি যদি বার বার সিদ্ধান্তে ভুল করেন তাহলে আপনি এতোটাই হারাবেন যে, আপনার কাছে খেলা চালিয়ে যাওয়ার জন্য পর্যাপ্ত অর্থ

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

আর থাকবে না। এমন মুহূর্ত কখনই আসবে না যে, আপনি এতোটাই সঠিক যে, আপনার বাজিতে পরাজিত হওয়ার কোনো সম্ভাবনা নেই।

প্রকৃতি কারও প্রতিই সর্বদা সদয় হয় না—ধারাবাহিকভাবে ভাগ্য কারও অনুকূল হয় না। আপনাকে ভুল করার স্কোপ রাখতে হবে। আপনার পরিকল্পনা অনুযায়ী পরিকল্পনা না করে, বাস্তবতার আলোকে আপনাকে পরিকল্পনা করতে হবে।

কেভিন লুইস, একজন সফল কেসিনো কার্ড জুয়াড়ি-তার বিখ্যাত বই Bringing Down the House-এর মধ্যে লিখেছেন: যদিও কার্ড গণনা পরিসংখ্যানগত দিক থেকে কাজ করে মর্মে প্রমাণিত, তথাপি এখানে গ্যারান্টি নেই যে আপনি প্রতিবার জয়লাভ করতে পারবেনক্যাসিনোতে আপনাকে আপনার ভাগ্যের উপর নির্ভর হতে হবে।

আমাদেরকে অবশ্যই নিশ্চিত হতে হবে যে, যেকোনো দুর্ভাগ্য মোকাবিলা করার জন্য আমাদের কাছে পর্যাপ্ত অর্থ রয়েছে। ধরা যাক, আপনার ক্যাসিনোতে মোটামুটি ২ শতাংশ প্রান্ত রয়েছে। এর মানে এখনো ক্যাসিনো ৪৯ শতাংশ সময়ে জিতবে। অতএব, আপনার বিরুদ্ধে যেকোনো বৈকল্পিক সুইং সহ্য করার জন্য আপনার কাছে পর্যাপ্ত অর্থ থাকতে হবে। অঙ্গুষ্ঠের একটি নিয়ম হলো, আপনার কমপক্ষে একশত মৌলিক ইউনিট থাকতে হবে। ধরে নিচ্ছি আপনি দশ হাজার ডলার দিয়ে শুরু করছেন, আপনি আরামে একশ ডলারের ইউনিট খেলতে পারবেন। ইতিহাসে সাধারণত ভালো ঘটনাগুলো স্থান পায়, যেখান থেকে আপনি খারাপ বা নেতিবাচক ঘটনাগুলোকে আলাদা করতে পারবেন না। ভুল করার সুযোগ রাখার অত্যন্ত বুদ্ধিমানের কাজ, কারণ আমাদের জীবন ‘অজানা রহস্যে ঘেরা।

এমন অনিশ্চিত ভবিষ্যৎ মোকাবিলা করার একমাত্র উপায় হলো, ভবিষ্যতে কী ঘটবে বলে আপনি মনে করেন, তার সাথে ভবিষ্যতে কী ঘটতে পারে, তার ব্যবধান তৈরি করা।

বেঞ্জামিন গ্রাহাম অর্থনীতিতে নিরাপত্তার মার্জিন তত্ব ধারণার প্রবর্তনের জন্য সুপরিচিত। তিনি তত্ত্বটিকে গাণিতিক মডেল আকারে

Audifeel™ এর অনুমতি ব্যাতিত ‘দ্য সাইকোলজি অফ মানি’ এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

ব্যাখা করেছেন। কিন্তু তার তত্ত্বের সংক্ষিপ্ত বর্ণনা ফুটে উঠেছে একটি সাক্ষাৎকারে থেকে, যেখানে তিনি উল্লেখ করেছেন মার্জিন নিরাপত্তার উদ্দেশ্য হলো অর্থনীতিতে প্রয়োজনীয় পূর্বাভাস প্রদান করা।' তার এমন সাধারণ বক্তব্য অনুধাবন করা কতোটা কঠিন, তা আপনি প্রথমদিকে বুঝবেন না। নিরাপত্তার মার্জিন তত্ত্বকে আপনি ত্রুটির সুযোগ কিংবা প্রয়োজনীয়তার তত্ত্বও বলতে পারেননিশ্চয়তার তত্ত্ব নয়; প্রতিকূলতার মাধ্যমে পরিচালিত বিশ্বকে নিরাপদে নেভিগেট করার একমাত্র কার্যকর উপায়। এই পৃথিবীতে বিদ্যমান অর্থের সাথে সম্পর্কিত প্রায় সবকিছুরই নির্ভুলতার সাথে পূর্বাভাস দেওয়া অনেক কঠিন। এটি কার্ড বাজি ধরার মতো গেমে সুস্পষ্ট, কারণ সম্ভবত কেউই জানতে পারে না যে, পরবর্তী কোনো কার্ড খেলার টেবিলে তোলা হবে। আগামী ১০ বছর পর স্টক মার্কেটের গড় বার্ষিক রিটার্ন কতো হবে? তা কেউই বলতে পারবে না। আমরা যা করতে পারি তা হলো, প্রতিকূলতা সম্পর্কে আগেভাগে চিন্তা করে পূর্ব প্রস্তুতি নেওয়া। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় স্ট্যালিন গ্রাদের যুদ্ধ ছিল ইতিহাসের সবচেয়ে বড় যুদ্ধ। এর সাথে মানুষেরা কীভাবে ঝুঁকি মোকাবিলা করতে পারে, তার গল্প সম্পৃক্ত করা হয়। যখন সামনের সারির ট্যাঙ্কগুলোর বোমা নিক্ষেপের সক্রিয়তা নিদারুণ প্রয়োজন ছিল, তখন এমন কিছু ঘটেছিল, যা সবাইকে অবাক করে দেয়: এগুলোর প্রায় সব ট্যাঙ্কই অকেজো ছিল। ইউনিটের ১০৪টি ট্যাঙ্কের মধ্যে ২০টিরও কম ট্যাঙ্ক চালু ছিল। প্রকৌশলীরা দ্রুত সমস্যাটি খুঁজে পান।

ইতিহাসবিদ উইলিয়াম ক্রেইগ লিখেছেন: ‘সামনের লাইনের ট্যাঙ্কগুলোতে মাঠের ইঁদুরগুলো ভিতরে বাসা বেঁধেছিল এবং বৈদ্যুতিক তারগুলোকে আবৃত করে খেয়ে ফেলেছিল। যেগুলো জার্মানদের কাছে বিশ্বের সবচেয়ে অত্যাধুনিক যন্ত্রপাতি ছিল, সেগুলোকে ছোট ইঁদুর অকেজো করে দেয়। জার্মানিরা সেখানে ইদুরের কাছে পরাজিত হয়। আপনি তাদের হতবাক হওয়ার মাত্রা কল্পনা করতে পারেন? ট্যাঙ্ক ডিজাইনার কী ধরনের মাউস সুরক্ষা সম্পর্কে ভাবেন?

Audifeel™ এর অনুমতি ব্যাতিত ‘দ্য সাইকোলজি অফ মানি’ এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

যুক্তিসংগত নয়। কিন্তু এমন ঘটনা সবসময় ঘটে না। আপনি সমস্ত কিছুতে ঝুঁকি গ্রহণের পরিকল্পনা করতে পারেন; তবে এমন কিছুতে নয়, যা আপনার মনকে অতিক্রম করার জন্য পাগল। এই পাগল জিনিসগুলো সবচেয়ে বেশি ক্ষতি করতে পারে, কারণ সেগুলো আপনার ভাবার আগেই ঘটে থাকে। কীভাবে এগুলো মোকাবিলা করা যায়, সে সম্পর্কে আপনার কোনো পরিকল্পনাও নেই।

২০০৬ সালে ওয়ারেন বাফেট তার নিজেকে চূড়ান্ত প্রতিস্থাপনের জন্য একটি অনুসন্ধানের ঘোষণা দেন। তিনি বলেন যে, তার এমন কাউকে প্রয়োজন জিনগতভাবে প্রোগ্রাম করে গুরুতর ঝুঁকিগুলো শনাক্ত করা এবং পরিহার করার জন্য। কিন্তু এ কাজটি আদৌ সম্ভব নয়। একটি কোম্পানির কার্যালয় তিনবার ভাঙা হয়েছে। একটি কোম্পানিকে তার উৎপাদন কারখানা থেকে বের করে দেওয়া হয়েছে। একজন গ্রাহক দোকানে প্রবেশের পর দোকানটি বন্ধ করে দেওয়া হয়, কারণ তিনি পছন্দ করেননি যে, অন্য গ্রাহক একটি কুকুর ভেতরে নিয়ে আসবেন।

একজন সিইওর ইমেল একটি তহবিল সংগ্রহের মাঝখানে জালিয়াতি করা হয়, যার জন্য তার সমস্ত মনোযোগ বিভ্রাট ঘটে। এই ইভেন্টগুলোর মধ্যে বেশ কয়েকটিতে কোম্পানির ভবিষ্যতের অস্তিত্ব ছিল। কিন্তু কোনটিই পূর্বাভাসযোগ্য ছিল না, কারণ এই সমস্যাগুলো মোকাবিলা করার জন্য সিইওদের সাথে আগে কেউ মিটিং করেনি। এ ধরনের অজানা ঝুঁকি এড়ানো প্রায় অসম্ভব। আপনি যা কল্পনা করতে পারবেন না, তার জন্য আপনি প্রস্তুত হতে পারবেন না। জীবনে কিছু অর্জনের জন্য একটি ভালো নিয়ম হলো এই যে যা ভেঙে যেতে পারে, তা শেষপর্যন্ত ভেঙে যাবে; তাই আগেভাগে প্রস্তুতি নিতে হবে। তাই, যদি আপনি এমন কোনো ব্যবসায়িক কাজের উপর নির্ভর করেন, যেটি যেকোনো সময় বিপর্যয়ের সম্মুখীন হতে পারে; তাহলে আপনি বিপর্যয়ের দিন গুণছেন। এটি ব্যর্থতার একক পয়েন্ট। কিছু লোক ব্যর্থতার একক পয়েন্ট মোকাবিলা করতে অত্যন্ত দক্ষ। বিমানের বেশিরভাগ গুরুত্বপূর্ণ।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

সিস্টেমে ব্যাকআপ থাকে এবং ব্যাকআপগুলোতে প্রায়শই ব্যাকআপ থাকে। আধুনিক জেটগুলোতে চারটি অপ্রয়োজনীয় বৈদ্যুতিক ব্যবস্থা রয়েছে।

আপনি একটি ইঞ্জিন দিয়ে উড়তে পারেন এবং প্রযুক্তিগতভাবে কোনটি ছাড়াই অবতরণ করতে পারেন, কারণ প্রতিটি জেটকে অবশ্যই তার ইঞ্জিন থেকে গ্রাস্ট রিভার্স ছাড়াই তার ব্রেকসহ রানওয়েতে থামতে সক্ষম হতে হবে। একইভাবে, সাসপেনশন ব্রিজ পড়ে না গিয়ে এর অনেক তার বিচ্ছিন্ন হতে পারে। অর্থের সাথে ব্যর্থতার সবচেয়ে বড় একক পয়েন্ট হলো, স্বল্পমেয়াদি ব্যয়ের প্রয়োজনগুলোতে তহবিলের ব্যবস্থা করার জন্য একটি পেচেকের উপর নির্ভর করা, আপনার খরচগুলি এবং ভবিষ্যতে কী হতে পারে বলে আপনি মনে করেন, তার মধ্যে একটি ব্যবধান তৈরি করা। যে কৌশলটি প্রায়শই উপেক্ষা করা হয়—এমনকি সবচেয়ে ধনী ব্যক্তিরাও, যা আমরা অধ্যায় ১০-এ দেখেছি: তারা বুঝতে পারে না যে, অর্থ সংরক্ষণ করার জন্য তাদের নির্দিষ্ট কারণের প্রয়োজন নেই। একটি গাড়ি কিংবা একটি বাড়ি কিংবা অবসর গ্রহণের জন্য সঞ্চয় করা ভালো।

কিন্তু এমন জিনিসগুলোর জন্য সঞ্চয় করাও সমানভাবে গুরুত্বপূর্ণ, যা আপনি সম্ভাব্য আকারে ভবিষ্যদ্বাণী করতে বা এমনকি বুঝতেও পারবেন না—তাদের আর্থিক সমতা।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

https://www.youtube.com/c/Audifeel_Purab_Das

অধ্যায় ॥ ১৪

আপনিই পরিবর্তন করবেন

আমি এমন এক বন্ধুর সাথে বড় হয়েছি, যে বিশেষাধিকার কিংবা স্বাভাবিক বুদ্ধিসম্পন্ন কোনো পরিবার থেকে আসেনি, কিন্তু আমি জানতাম, সে সবচেয়ে কঠোর পরিশ্রমী লোক। এই লোকদের শেখানোর অনেক কিছু আছে, কারণ তাদের সফলতার রাস্তার প্রতিটি ইঞ্চিতে একটি অনাবৃত বোঝা রয়েছে। কিশোর বয়সে তার জীবনের লক্ষ্য এবং স্বপ্ন ছিল একজন ডাক্তার হওয়া। | তার স্বপ্ন অর্জনে প্রতিকূলতা আঘাত হানে। তখনকার সময়ের কোনো যুক্তিসংগত ব্যক্তি বলবেন না যে, তার মতো কোনো পরিবারের সন্তান ডাক্তার হতে পারবে। কিন্তু সে কঠোর পরিশ্রম করলো—অবশেষে সে একজন ডাক্তার হয়। সমস্ত প্রতিকূলতার বিরুদ্ধে লড়াই করে সবচেয়ে মহৎ পেশাগুলোর মধ্যে একটি অর্জন করা থেকে কতোটা পরিপূর্ণতা আসে? আমি কয়েক বছর আগে তার সাথে কথা বলেছিলাম। কথোপকথনটি এমন ছিল: আমি : অনেক দিন কথা নেই! তুমি কেমন করে নক করলে—'সে : 'ভয়াবহ ক্যারিয়ার।

'আমি : হাহা, আচ্ছা' সে : 'ভয়াবহ ক্যারিয়ার, সবচেয়ে কষ্টের পেশা।' এভাবে চললো ১০ মিনিট। মানসিক চাপ এবং কাজের ঘণ্টা তাকে মাটিতে ধৃত করেছিল। ১৫ বছর আগে সে নিজেকে যেখানে রাখতে চেয়েছিল, আজকে সে সেখানেই আছে; কিন্তু আজকে তাকে হতাশ বলে মনে হয়। মনোবিজ্ঞানের একটি ভিত্তি হলো এই যে, মানুষেরা তাদের ভবিষ্যৎ সম্পর্কে পূর্বাভাস দেওয়ার ক্ষেত্রে আনাড়ি। একটি লক্ষ কল্পনা করা অনেক সহজ, কিন্তু এমন লক্ষ্যকে বাস্তবায়ন

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

করা অনেক কঠিন। বাস্তবতা ভবিষ্যতের আর্থিক লক্ষ্যগুলো নির্ধারণে আমাদের পরিকল্পনা করার সক্ষমতার উপর একটি বড় প্রভাব ফেলে।

একটি পাঁচ বছর বয়সি ছেলে বড় হয়ে ট্রাক্টর চালাতে চায়। একটি অল্পবয়সি ছেলের চোখে অল্প কিছু কাজই ভালো দেখায়, যার মনের মধ্যে একটি ভালো চাকরির করার ধারণা নেই এবং ভরুম রুম, বিপ বিপ, বড় ট্রাক্টর, এখানে আমি এসেছি! কী মজা!'। তারপর যখন এমন শিশু বড় হয় এবং বুঝতে পারে যে, একটি ট্রাক্টর চালানো সম্ভবত সেরা ক্যারিয়ার নয়, তখন সে হয়তো তারা আরো মর্যাদাপূর্ণ বা লাভজনক কিছু ক্যারিয়ার হিসেবে অর্জন চায়।।

অনেকে কিশোর বয়সে আইনজীবী হওয়ার স্বপ্ন দেখে। এমন লক্ষ্য বাস্তবায়ন করার জন্য তারা তাদের পরিকল্পনা সেট করে। আইনের স্কুল পড়াশোনা এবং খরচ বহন করে তারা গ্র্যাজুয়েশন শেষ করে। তারপর একজন জুনিয়র আইনজীবী হিসেবে তারা এতো দীর্ঘ কর্মঘণ্টার মুখোমুখি হয় যে, তারা খুব কমই তাদের পরিবারের দেখাশোনা করার সুযোগ পান। তাই, তারা নমনীয় কর্মঘণ্টার মধ্যে একটি কম বেতনের চাকরি নেন। তারপর তারা বুঝতে পারে যে, তাদের সন্তান লালন-পালন করা অনেক ব্যয়বহুল। তারপর ৭০ বছর বয়সে তারা বুঝতে পারে যে সারাজীবন অর্থ উপার্জন করা সত্তে তারা এখনো অবসর গ্রহণের জন্য অপ্রস্তুত। আমাদের মধ্যে অনেকেই একই ট্রাজেক্টোরিতে জীবন অতিবাহিত করে। ফেডারেল রিজার্ভ ব্যাংকের মতে, কলেজ গ্র্যাজুয়েশনদের মধ্যে মাত্র ২৭% এ্যাডুয়েট তাদের মেজর সাবজেক্টে চাকরি পান। ২৯ শতাংশ বাবা-মার কাছে কলেজ ডিগ্রি রয়েছে। আমাদের স্বীকার করা উচিত যে, ৩০ বছর বয়সি একজন অভিভাবক জীবনের লক্ষ্যগুলো সম্পর্কে এমনভাবে চিন্তা করতে পারেন, যেভাবে ১৮ বছর বয়সি একজন গ্র্যাজুয়েট চিন্তা করতে পারবেন না। দীর্ঘমেয়াদি আর্থিক পরিকল্পনা থাকা অপরিহার্য। কিন্তু সবকিছু পরিবর্তিত হয়— আপনার চারপাশের জগৎ এবং আপনার নিজের জীবনের লক্ষ্য এবং

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

ইচ্ছা উভয়ই। আমরা জানি না আমাদের ভবিষ্যতে কী আছে। এমন কি আপনাকে স্বীকার করতে হবে যে আপনি নিজেই আজ জানেন না যে, এমনকি আপনি ভবিষ্যতে কী চান। দীর্ঘমেয়াদি সিদ্ধান্ত নেওয়া অনেক কঠিন যখন আপনি ভবিষ্যতে কী চান, সে সম্পর্কে আপনার দৃষ্টিভঙ্গি পরিবর্তন করতে পারেন না।

মনোবিজ্ঞানীদের দাবি যে, মানুষ অতীতে কতোটা পরিবর্তিত হয়েছে, সে সম্পর্কে সচেতন থাকার চেষ্টা করে, কিন্তু ভবিষ্যতে তাদের ব্যক্তিত্ব, আকাঙ্ক্ষা এবং লক্ষ্যগুলো কতোটা পরিবর্তিত হওয়ার সম্ভাবনা রয়েছে, তা অবমূল্যায়ন করে।

হার্ভার্ডের মনোবিজ্ঞানী ড্যানিয়েল গিলবার্টের মতে : আমাদের জীবনের প্রতিটি পর্যায়ে আমরা এমন সিদ্ধান্ত নিই, যা আমাদের জীবনের লক্ষ্যকে গভীরভাবে প্রভাবিত করে এবং তারপর যখন আমরা আমাদের লক্ষ্য বাস্তবায়ন করতে সক্ষম হই, তখন আমরা আর আমাদের বর্তমান অবস্থান নিয়ে রোমাঞ্চিত হই না। তাই তরুণরা শরীরে ট্যাটু লাগানোর জন্য টাকার ব্যবস্থা করে-মধ্য বয়সিরা বিবাহ বিচ্ছেদের জন্য কোর্টে যায় প্রাপ্তবয়স্করা বিয়ে করতে চায় মধ্যবয়সিরা অর্থ উপার্জনের জন্য কঠোর পরিশ্রম করে।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

https://www.youtube.com/c/Audifeel_Purab_Das

অধ্যায় ॥১৫

জগতের কোনোকিছুই বিনামূল্যে পাওয়া যায় না

সবকিছুরই একটা দাম আছে। টাকা দিয়ে অনেক কিছু ক্রয় করার চাবিকাঠি হলো, সেই দামটা কী তা খুঁজে বের করা? সমস্যা হলো এই যে, অনেক কিছুর মূল্যই স্পষ্ট নয়। জেনারেল ইলেকট্রিক কোম্পানি ২০০৪ সালে বিশ্বের বৃহত্তম কোম্পানি ছিল; বর্তমানে যার মূল্য এক ট্রিলিয়ন ডলার থেকে এক-তৃতীয়াংশ কমে গেছে। কোম্পানিটি বিগত ১০ বছরে কর্পোরেট অভিজাততন্ত্রের পুঁজিবাদের উজ্জ্বল দৃষ্টান্ত ছিল। তারপর সবকিছু টুকরো টুকরো হয়ে পড়ে। ২০০৮ সালের আর্থিক সংকটে GE-এর অর্থায়ন বিভাগ কোম্পানির অর্ধেকেরও বেশি মুনাফা সরবরাহ করেছিল সম্পূর্ণভাবে দেউলিয়া হয়ে পড়ে।

এটি শেষপর্যন্ত নিলামে বিক্রয় করা হয়। ২০০৭ সালে GE-এর স্টক মূল্য ৮ ৪০ থেকে ২০১৮ সালের মধ্যে ৮ ৭-এ নেমে এসেছে। এর সিইও জে ইফ ইমেল্ট—যিনি ২০০১ সাল থেকে কোম্পানিটি পরিচালনা করেন—তা দোষারোপ করা হয়—তাকে তার নেতৃত্ব, তার অধিগ্রহণ, লভ্যাংশ কাটা, শ্রমিক ছাঁটাই এবং অবশ্যই নিমজ্জিত স্টক মূল্যের জন্য সমালোচনা করা হয়।

ঠিক তাই : যারা রাজবংশীয় সম্পদ দিয়ে পুরস্কৃত হন, যখন সময় ভালো থাকে, তারা জোয়ারের বাইরে গেলে দায়ভারের বোঝা বহন করতে বাধ্য হন। তিনি ২০১৭ সালে পদত্যাগ করেন।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

কিন্তু ইমেল্ট পদত্যাগ করার সময় সমালোচকদের জবাবে কিছু মন্তব্য করেন—যারা বলেছিল যে, তার কাজগুলো ভুল ছিল এবং তার যা করা উচিত, তা সে করেনি। ইমেল্ট তার সমালোচকদের উদ্দেশ্য করে বললেন—"প্রতিটি কাজ সহজ দেখায়, যখন আপনি বাস্তবে কাজটি করছেন না। প্রতিটি কাজ সহজ দেখায় যখন আপনি এটি করছেন না, কারণ মাঠের কর্মী যে চ্যালেঞ্জের সম্মুখীন হয়, তা প্রায়ই অন্যদের কাছে অদৃশ্য থাকে। স্বল্পমেয়াদি বিনিয়োগকারী, নিয়ন্ত্রক, শ্রমিক ইউনিয়ন এবং আমলাতন্ত্রের বিরোধপূর্ণ দাবিগুলোর সাথে মোকাবিলা করা সহজ কাজ নয়।



ইমেন্টের উত্তরসূরি , যে ১৪ মাস স্থায়ী হয়, সেও এমন অভিজ্ঞতার বিষয়ে শেয়ার করে। বেশিরভাগ জিনিসই থিওরির তুলনায় অনুশীলন করা অনেক কঠিন। কখনো কখনো এমনটি হয়, কারণ আমরা অতিরিক্ত আত্মবিশ্বাসী।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

আপনাকে যা করতে হবে তা হলো, সূক্ষ্ম চিন্তা করে আপনার অর্থ বিনিয়োগ করতে হবে। কিন্তু সফল বিনিয়োগ করা সহজ মনে হবে, যখন আপনি বাস্তবে এমনটি করবেন না; বাস্তবে বিনিয়োগের কাজটি অনেক কঠিন। দীর্ঘ সময়ের জন্য স্টক ধরে রাখা অনেক কঠিন কাজ। কিন্তু আপনি কী জানেন যে, যখন শেয়ারের মূল্য কমে যায়, তখন দীর্ঘমেয়াদি দৃষ্টিভঙ্গি বজায় রাখা কতোটা কঠিন? সবকিছুর মতোই একজন সফল বিনিয়োগকারী হওয়া অনেক কঠিন কাজ। অস্থিরতা, ভয়, সন্দেহ, অনিশ্চয়তা এবং অনুশোচনা যেগুলোকে আপনার মোকবিলা করতে হবে।

বিনিয়োগের একটি মূল্য আছে, তা চিনতে না পারা আমাদের বিনামূল্যে কিছু পাওয়ার চেষ্টা করার মতো। মনে করুন যে, আপনি একটি নতুন গাড়ি ক্রয় করতে চান। এর দাম ৩০,০০০। আপনার কাছে তিনটি অপশান আছে :

১. এর জন্য ৩০,০০০ প্রদান করুন

২. একটি সস্তা ব্যবহৃত গাড়ির সন্ধান করুন কিংবা

৩. একটি গাড়ি চুরি করুন।

এক্ষেত্রে ৯৯% লোক তৃতীয় বিকল্পটি পরিহার করতে জানে, কারণ একটি গাড়ি চুরি করার পরিণতি উল্টোদিকে হতে পারে। কিন্তু মনে করুন যে, আপনি আগামী ৩০ বছরে ১১% বার্ষিক রিটার্ন অর্জন করতে চান, যাতে আপনি শান্তিতে অবসর নিতে পারেন। এমন মুনাফা কি আপনি বিনামূল্যে অর্জন করতে পারবেন? অবশ্যই না। পৃথিবী কখনই এতো সুন্দর হয় না।

চিত্র : ১৯৫০ সাল থেকে ২০১৬ সাল পর্যন্ত আমেরিকার অর্থনীতির বিবরণ।

